গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

## মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির অক্টোবর, ২০২১-এর সভার কার্যবিবরণী

কারা অধিদপ্তর
অতিঃ কা ম প
কা উ ম প (সঃদ)
স কা ম প (প্রশাঃ)
স কা ম প (অর্থ/আইঃ)
স কা ম প (উন্নঃ)
স কা ম প (পরিঃ/প্রশিঃ)
এস ও পিএ
☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন
☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ আলোচনা করুন

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ১০ অক্টোবর ২০২১ |
| সভার সময় | বেলা : ০২.০০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

2 8 OCT 2021
ডায়েরী নং..........

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতি, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা অনুযায়ী এ বিভাগের চলমান প্রকল্পসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহে প্রদত্ত সেবার গুণগতমান বজায় রেখে নিষ্ঠা ও আন্তরিকতার সহিত অর্পিত দায়িত্ব পালনের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন। এরপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ করেন।

২। বাস্তবায়ন অগ্রগতি এবং গৃহীত সিদ্ধান্তসমূহ :

| ক্র. | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.১ | সেপ্টেম্বর, ২০২১-এর সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ<br>সেপ্টেম্বর, ২০২১-এর কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী না থাকলে তা দৃঢ়ীকরণ করা যেতে পারে। | সেপ্টেম্বর, ২০২১-এর সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। |

| ক্র. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহ ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.২ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (২০.০১.২০১৯ তারিখে প্রদত্ত নির্দেশনাসমূহ): | | |
| | নির্দেশনা-২ : মাদকাসক্তদের সুস্থ-স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার লক্ষ্যে তেজগাঁওস্থ কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে ট্রেনিং সুবিধাসহ পূর্ণাঙ্গ নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রে রূপান্তর করাসহ পর্যায়ক্রমে সরকারের নির্বাচনী ইশতেহার ঘোষিত সকল জেলায় মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র স্থাপন ও বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহকে কঠোর নজরদারির মধ্যে আনতে হবে।<br><br>বাস্তবায়ন অগ্রগতিঃ সভাকে মহাপরিচালক (অঃদাঃ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানান,<br><br>ক) কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের | ১) কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের ডিপিপি পাশ করিয়ে আনতে পরিকল্পনা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট ডেস্ক অফিসারের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br><br>২) Modernisation of DNC প্রকল্পের ডিপিপি দ্রুত সংশোধন করে অক্টোবর, ২০২১-এর মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে;<br><br>৩) ৪টি বিভাগীয় শহর চট্টগ্রাম, বরিশাল, সিলেট ও রাজশাহী | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ প্রধান।<br><br>মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ প্রধান। |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিশ্রুতি-৮: টুঙ্গীপাড়া, কোটালীপাড়া, কাশিয়ানী ও মুকসুদপুর ফায়ার স্টেশন নির্মাণ করা হবে। *টুঙ্গীপাড়া, কোটালীপাড়া, মকসুদপুর ফায়ার স্টেশন নির্মাণ-বাস্তবায়িত। | ১)গোপালগঞ্জ জেলার কাশিয়ানী ফায়ার স্টেশন নির্মাণের আনুসঙ্গিক সকল কাজ সম্পন্ন করে উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্টেশনটি চালু করার ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/অগ্নি অনুবিভাগ প্রধান। |
| ২.৪ | **কারা অধিদপ্তর : (২০.০১.১৯ তারিখে প্রদত্ত নির্দেশনাসমূহ ও আলোচনা):** | | |
| | নির্দেশনা-১ : কারাগারসমূহের ধারণক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করাসহ বয়োবৃদ্ধ ও গুরুতর অসুস্থ কারাবন্দিকে কারা মুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) কারাবন্দিদের মধ্যে যারা দীর্ঘদিন জটিল রোগে আক্রান্ত তাদেরকে চিহ্নিত করে একটি তালিকা প্রেরণ করতে হবে।<br>২)ময়মনসিংহ, কুমিল্লা ও খুলনা কেন্দ্রীয় কারাগার-এর নির্মাণকাজের অবশিষ্ট কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে;<br>৩) কারা প্রশিক্ষণ কেন্দ্র রাজশাহী-এর অবশিষ্ট কাজ প্রকল্প মেয়াদের মধ্যে শেষ করতে হবে;<br>৪)নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি সন্তোষজনক নয়। অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে শেষ করতে হবে;<br>৫)জামালপুর জেলা কারাগার পুনর্নির্মাণ প্রকল্প-এর বাস্তবায়ন কাজের অগ্রগতি সন্তোষজজনক নয়।নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে; | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| | নির্দেশনা-২ : কারা অধিদপ্তরের অ্যাম্বুলেন্স সংখ্যা বৃদ্ধি করা হবে। | ১) কারা অধিদপ্তরের অ্যাম্বুলেন্স সংখ্যা বৃদ্ধি সংক্রান্ত ডিপিপি প্রণয়ন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| | নির্দেশনা-৩। কারা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা ও কর্মসম্পাদনে সক্ষমতা বৃদ্ধিকল্পে আধুনিক প্রশিক্ষণ একাডেমি নির্মাণ করা হবে। | ১) পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি প্রণয়ন কার্যক্রম চূড়ান্ত করে এ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |

| | | |
|---|---|---|
| নির্দেশনা-৪ : কারা হাসপাতালসমূহে ডাক্তার নার্স ও প্যারামেডিক নিয়োগের জন্য পৃথক মেডিকেল ইউনিট গঠনের উদ্যোগ গ্রহণ এবং প্রকল্প সৃজন ও নিয়োগের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১)কারাহাসপাতালসমূহে সার্বক্ষণিকভাবে শূন্যপদ পূরণের বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক লোকবল নিয়োগের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের সাথে একটি সমজোতা স্মারক (MoU) স্বাক্ষর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| **২০.০১.১৯ তারিখের পূর্বের নির্দেশনাসমূহ :** | | |
| নির্দেশনা-১ : বিভিন্ন মামলায় মৃত্যুদন্ড প্রদত্ত আদেশগুলো দ্রুত কার্যকর করতে উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে আলাদা সেল গঠন এবং আইন মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করা। (২,১৭৩টি মামলায় মৃত্যুদন্ডাদেশ প্রাপ্ত বন্দির সংখ্যা বর্তমানে ১,৯৯৮ জন (০১.০৯.২০২১)। | ১) উচ্চ আদালতে চলমান ডেথ রেফারেন্স এবং আপিল মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আইন ও বিচার বিভাগের সাথে এ বিভাগ হতে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান/কমিটি |
| নির্দেশনা-২: কেরাণীগঞ্জে কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর পুরাতন কারাগারের বিদ্যমান জায়গায় শীঘ্রই নতুন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। বর্তমানে ঢাকা কেন্দ্রীয় কারাগার জুন ২০১৫ এর মধ্যে কেরাণীগঞ্জে স্থানান্তর এবং ঢাকা কেন্দ্রীয় কারাগারের অভ্যন্তরে স্থাপিত বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতা কারা স্মৃতি জাদুঘর জনগণের জন্য উন্মুক্তকরণ এবং জনসাধারণের জন্য মনোরম পার্ক নির্মাণ এবং কারা কর্মকর্তা/ কর্মচারীগণের কল্যাণে বহুতল পার্কিং<br>সিনেপ্লেক্স, ফুডকোর্ট, সুইমিংপুল, ফিটনেস সেন্টার, কনভেনশন সেন্টার সুবিধাসহ কারাকল্যাণ কেন্দ্র নির্মাণ। | ১) পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার-এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নে অবশিষ্ট কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদন করতে হবে; | কারা. মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান/প্রকল্প পরিচালক। |
| নিদের্শনা-৩ : কারাবন্দিদের মধ্যে জঙ্গি সম্পৃক্ততা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা। | ১) কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| নির্দেশনা-৪ : ঢাকা কেন্দ্রীয় কারাগারের জায়গা হতে কম্বল কারখানা সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। জায়গা সম্পূর্ণ উন্মুক্ত রাখতে হবে। *কম্বল ফ্যাক্টরি অপসারণের কার্যক্রম বাস্তবায়িত। | ১)মামলার কার্যক্রম যথাযথভাবে মনিটরিংসহ তদবিরের অভাবে মামলার যেন কোন ক্ষতি না হয় সে জন্য মনিটরিং/নজরদারি অব্যাহত রাখতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| **প্রতিশ্রুতিসমূহ :** | | |

| | | |
|---|---|---|
| **প্রতিশ্রুতি-১ :বন্দিদের উৎপাদিত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ হতে মজুরি প্রদানের ব্যবস্থা করা** (বাস্তবায়িত।) | ১) বন্দিদের উৎপাদিত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ হতে লভ্যাংশ প্রদানের জন্য নীতিমালা প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে; | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| **প্রতিশ্রুতি-২: সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কারাগারের কর্মকর্তা সংখ্যাসহ কারা বিভাগের জনবল বৃদ্ধিকরণ।** | ১) কারা অধিদপ্তরের সমস্ত নিয়োগবিধি (কর্মকর্তা ও কর্মচারী) একীভূত করে নিয়োগ বিধিমালা-চূড়ান্তপূর্বক এ বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে; | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| **প্রতিশ্রুতি-৩ : কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারী ও সর্বসাধারণের জন্য ২০০-২৫০ শয্যার হাসপাতাল স্থাপন।**<br><br>ক) কেন্দ্রীয় কারা হাসপাতাল ও বন্দি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ, কেরাণীগঞ্জ শীর্ষক প্রকল্পের সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য Proposal for Feasibility Study (PFS) নামক প্রকল্প গ্রহণ করা হচ্ছে। | ১)২০০-২৫০ শয্যার হাসপাতাল নির্মাণের লক্ষ্যে যাচাই কমিটির সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ডিপিপি পুনর্গঠন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| **প্রতিশ্রুতি-৪ :কারাগারকে বন্দিশালা নয় শোধনাগারে পরিবর্তন করার পদক্ষেপ গ্রহণ করা হবে।** | ১)কারাগারকে বন্দিশালা নয় সংশোধনাগারে রুপান্তর কার্যক্রম অব্যাহত রাখতে হবে: | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| **প্রতিশ্রুতি-৫ :বন্দিদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে।** | ১)কারাগারে আটক বন্দিদেরকে কম্পিউটারসহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| **প্রতিশ্রুতি-৬:কারাগারে নিরাপত্তামূলক ব্যবস্থা আধুনিকীকরণ করা হবে (আংশিক বাস্তবায়িত)।** | ১)কারা নিরাপত্তামূলক ব্যবস্থা আধুনিকীকরণের জন্য ৫টি (রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল ও সিলেট) বিভাগে গৃহীত প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ করে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| **প্রতিশ্রুতি-৭ : কারা কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ধরনের সমস্যা দূরীকরণে মর্যাদার সামঞ্জস্য খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণ করা হবে।** | ১) কারা অধিদপ্তরের সমস্ত নিয়োগবিধি (কর্মকর্তা ও কর্মচারী) একীভূত করে নিয়োগ বিধিমালা-চূড়ান্তপূর্বক এ বিভাগে প্রেরণ করতে হবে; | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিশ্রুতি-৮: যথাযথ নিরাপত্তা নিশ্চিত করে কারা বন্দিদেরকে নির্দিষ্ট সময় অন্তর পরিবারের সাথে ফোনে কথা বলার সুযোগ সৃষ্টির ব্যবস্থা করা হবে। | ১)কারাবন্দিদের আত্মীয় স্বজনের সাথে টেলিফোনে কথা বলার জন্য ভিডিও কনফারেন্স-এর সুবিধাসহ স্বজন লিংক স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে; | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ প্রধান। |
| ২.৫ | **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর : (২০.০১.১৯ তারিখে প্রদত্ত নির্দেশনাসমূহ ও আলোচনা):** | | |
| | নির্দেশনা-১ : ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয় নির্মাণ করা হবে। ই-পাসপোর্ট ও ই-গেইট কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। ই-ভিসা এবং ই-ট্রাভেল পারমিট (ই-টিপি) চালু করা হবে। (ই-পাসপোর্ট প্রকল্পের মেয়াদ জুলাই, ২০১৮ হতে জুন, ২০২৮ পর্যন্ত)। | ১) ই-ভিসা এবং ই-ট্রাভেল পারমিট (ই-টিপি) সংক্রান্ত প্রকল্পের ডিপিপি প্রণয়ন এখনো সম্পন্ন হয়নি। এ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;<br><br>২) বিদেশে অবস্থানরত প্রবাসীদের জন্য ই-পাসপোর্ট চালুর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br><br>৩) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ভবন নির্মাণের জন্য জমি অধিগ্রহণসহ এতদসংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের জন্য জেলা প্রশাসক, ঢকা অফিসের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগযোগ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ প্রধান। |
| | নির্দেশনা-২ : ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা ও কর্মসম্পাদনে সক্ষমতা বৃদ্ধিকল্পে আধুনিক প্রশিক্ষণ একাডেমি নির্মাণ করা হবে। | ১) প্রশিক্ষণ একাডেমি নির্মাণের জন্য জমি অধিগ্রহণ কার্যক্রম ত্বরান্বিত করতে জেলা প্রশাসক, ঢাকা-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ প্রধান। |

৩। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা অনুযায়ী এ বিভাগের চলমান প্রকল্পসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহে প্রদত্ত সেবার গুণগতমান বজায় রেখে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালনের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন। তিনি অধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারিগণের সৃজনশীল কর্ম, মেধা, মননশীলতা ও উদ্ভাবনী প্রয়াসকে কাজে লাগিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নে যে বিষয়গুলো আলোচনা হয়েছে এবং এর পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সর্বাতক প্রচেষ্টা অব্যাহত রাখবেন বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাব্বির হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০..০১৪.১৬.০০১.১৭.২৭২

তারিখ: ৬ কার্তিক ১৪২৮
১২ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আবদুল কাদির
উপসচিব

## কারা অধিদপ্তর, ঢাকা

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৬.২০২১ 602 (৩২)

তারিখ : ১২ কার্তিক ১৪২৮
28 অক্টোবর ২০২১

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন-৩ শাখার স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০১৪.১৬.০০১.১৭.-২৭২ তারিখ: ২২.১০.২০২১ এর অনুলিপি (**মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে গত ১০.১০.২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীসহ**) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ। (**সংযুক্ত কার্যবিবরণীর হার্ড কপি তাঁর অধীনস্থ কারাগারে প্রেরণ করে কারা অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করত: বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জরুরি ভিত্তিতে কারা অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো**)।

২। প্রকল্প পরিচালক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণীতে উল্লিখিত সিদ্ধান্তসমূহের (কারা অধিদপ্তর সংশ্লিষ্ট) বিষয়ে কার্যকর পদক্ষেপ (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো;

৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার (ই-মেইলযোগে);

৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত কার্যবিবরণীতে উল্লিখিত সিদ্ধান্তসমূহের মধ্যে কারা অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তের বিষয়ে কার্যকর পদক্ষেপ (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো;

৫। শাখা প্রধান, সংস্থাপন শাখা-১, কারা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণীতে উল্লিখিত ২০.১.২০১৯ তারিখে প্রদত্ত ৪ নং নির্দেশনা এবং ২ ও ৭ নং প্রতিশ্রুতি বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো;

৬। শাখা প্রধান, ইমারত শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণীতে উল্লিখিত ২০.০১.২০১৯ তারিখের প্রদত্ত নির্দেশনা নং ১ (কারাগারসমূহের ধারণক্ষমতা বৃদ্ধি লক্ষ্যে সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করা), ২ ও ৩ এবং ২০.০১.২০১৯ তারিখের পূর্বের নির্দেশনা নং ২ ও ৪ এবং প্রতিশ্রুতি নং ৩, ৪, ৫, ৬ ও ৮ এর বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ৩১/১০/২০২১ তারিখের মধ্যে সংস্থাপন-১ শাখায় প্রদানের জন্য অনুরোধ করা হলো;

৭। শাখা প্রধান, পরিসংখ্যান শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণীতে উল্লিখিত ২০.০১.২০১৯ তারিখের প্রদত্ত নির্দেশনা নং ১ (বয়োবৃদ্ধ ও গুরুতর অসুস্থ কারাবন্দিকে কারামুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা), ২০.০১.২০১৯ তারিখের পূর্বের নির্দেশনা নং ১ এবং প্রতিশ্রুতি নং ৪ ও ৫ এর বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ৩১/১০/২০২১ তারিখের মধ্যে সংস্থাপন-১ শাখায় প্রদানের জন্য অনুরোধ করা হলো;

৮। শাখা প্রধান, আইন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণীতে উল্লিখিত ২০.০১.২০১৯ তারিখের পূর্বের ৪ নং নির্দেশনার বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ৩১/১০/২০২১ তারিখের মধ্যে সংস্থাপন-১ শাখায় প্রদানের জন্য অনুরোধ করা হলো;

৯। শাখা প্রধান, প্রশিক্ষণ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণীতে উল্লিখিত ২০.০১.২০১৯ তারিখের পূর্বের ৩ নং নির্দেশনার বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ৩১/১০/২০২১ তারিখের মধ্যে সংস্থাপন-১ শাখায় প্রদানের জন্য অনুরোধ করা হলো;

১০। শাখা প্রধান, বাজেট শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণীতে উল্লিখিত ০১ নং প্রতিশ্রুতির বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ৩১/১০/২০২১ তারিখের মধ্যে সংস্থাপন-১ শাখায় প্রদানের জন্য অনুরোধ করা হলো;

১১। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। **বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।**

২৮/১০/২১
মোঃ [illegible] হোসেন